# চ্যান্সেলরের প্রবিধান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্যাটেগরি: | **শিক্ষার্থী** | ইস্যুর তারিখ: 4/20/17 | | নম্বর: | **A-125** |
| বিষয়: | অনাবাসীদের ভর্তি | | | পৃষ্ঠা: | 1 of 1 |

**পরিবর্তনের সারাংশ**

এই প্রবিধান নিম্নরূপে হালনাগাদকৃত হয়েছে:

- অস্থায়ী বাসস্থানে এবং ফস্টার কেয়ারে থাকা শিক্ষার্থীগণ নিউ ইয়র্ক সিটিতে তাদের মূল স্কুলে পড়া অব্যাহত রাখতে পারে যদি শিক্ষার্থী ফস্টার কেয়ারে যাওয়ার বা নিউ ইয়র্ক সিটির বাইরে স্থানান্তরিত হওয়ার সময় নিউ ইয়র্ক সিটির বাসিন্দা হয়ে থাকে ও একটি ডিওই স্কুলে ভর্তি থাকে, তাহলে এ প্রবিধানটি যে তাদের প্রতি প্রযোজ্য হবে না, সেটি স্পষ্ট ব্যাখ্যা করে। (সারাংশ, ফুটনোট.1, পৃষ্ঠা. 1)।
- এটি স্পষ্ট ব্যাখ্যা করে যে, এই প্রবিধান সেসব অনাবাসী শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোগ্য হবে না, যারা নিউ ইয়র্ক স্টেটের ও ডিস্ট্রিক্ট 79 আবাসিক কর্মসূচিতে তালিকাভুক্ত বা ভর্তি আছে। (সেকশন I.A., ফুটনোট 2, পৃষ্ঠা. 1.)
- “প্যারেন্ট” শব্দের সংজ্ঞা এভাবে সংশোধন করে, "শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবক, কিংবা অন্য যে কোন ব্যক্তি, যার সাথে শিক্ষার্থীর পিতামাতাসূলভ বা তত্বাবধানমুলক সম্পর্ক রয়েছে।" পিতামাতার সংজ্ঞার অন্তর্ভুক্ত আছে: জন্মদাতা বা পালক পিতামাতা, সৎ-পিতামাতা, আইনি নিযুক্ত অভিভাবক, পালক পিতামাতা ও স্কুলে ভর্তি ছেলেমেয়ের সাথে "পিতামাতাসূলভ সম্পর্কে" আবদ্ধ ব্যক্তি। “পিতামাতার সম্পর্কে আবদ্ধ” ব্যক্তি বলতে বুঝায় এমন কোন ব্যক্তিকে, যে ব্যক্তি পিতামাতার মৃত্যু, কারাদণ্ড, মানসিক অসুস্থতা, স্টেটের বাইরে অবস্থান, সন্তানকে পরিত্যাগ বা এরকম অন্য কোন কারণে সন্তানের কাছে পিতামাতা বা অভিভাবক উপস্থিত না থাকায় তার দায়িত্ব গ্রহণ করেছেন। (সেকশন I.B., ফুটনোট 3, পৃষ্ঠা.1.)
- স্পষ্ট করে যে, যদি ডিপার্টমেন্ট অভ এডুকেশন নিশ্চিত হয় যে, কোন পিতামাতা মিথ্যা ঠিকানা প্রদান করে আবাসনের প্রমাণ প্রতিষ্ঠা করেছেন বা অনাবাসীত্বের বিষয় অপ্রকাশিত রেখেছেন, তাহলে পিতামাতাকে অবশ্যই অনাবাসী থাকা সকল বছর কিংবা বা আংশিক সময়ের বকেয়া টুইশন পরিশোধ করতে হবে। (সেকশন I.A.1, পৃষ্ঠা 1.)
- সময়োত্তীর্ণ টুইশন হারের মানদণ্ড অপসারণ করে। (সেকশন II, পৃষ্ঠা. 2.)
- ডিওই-এর চলমান প্রক্রিয়ার সাথে মিল রাখতে ভাষা হালনাগাদ করে।
- যোগাযোগের তথ্য হালনাগাদ করে। (সেকশন VII, পৃষ্ঠা 3 এবং 4)

## সংক্ষিপ্তসার

এই প্রবিধান নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল ব্যবস্থায় ভর্তি, অব্যাহতি, এবং অনাবাসী শিক্ষার্থীদের বদলির নীতিমালা প্রতিষ্ঠা করে। যার প্রাথমিক আবাস নিউ ইয়র্ক সিটির বাইরে এবং যিনি নিউ ইয়র্ক সিটির বাসিন্দা হওয়ার মাদণ্ড পূরণ করেন না, তাকে চ্যান্সেলরের প্রবিধান A-101 অনুযায়ী অনাবাসী শিক্ষার্থী হিসাবে সংজ্ঞায়িত করা যায়।[1]

## I. সাধারণ নীতি: অনাবাসীদের ভর্তি

A. নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ল, সেকশন 3202 অনুযায়ী 5 বছরের বেশি ও 21 বছরের কমবয়সের ছেলেমেয়েরা তাদের আবাসিক ডিস্ট্রিক্টে সরকারি শিক্ষা ফ্রি পাওয়ার যোগ্য। নিউ ইয়র্ক সিটির একটি পাবলিক স্কুলে অনাবাসী শিক্ষার্থীর ভর্তি হওয়া নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের বিবেচনার উপর নির্ভর করে এবং এর জন্য ট্যুইশন পরিশোধ করতে হয়।[2]

B. অনাবাসী শিক্ষার্থীদের পিতামাতাদের[3] এবং ও অনাবাসী আত্মনির্ভরশীল শিক্ষার্থীদের এবং সঙ্গীহীন নাবালক/নাবালিকাদের পাবলিক স্কুল চয়েস (পিএসসি) প্রোগ্রাম ও পারসিস্ট্যান্টলি ডেঞ্জারাস স্কুল (পিডিএস) প্রোগ্রামে অংশগ্রহণ থেকে অবশ্যই রেহাই দিতে হবে।

C. অনাবাসী শিক্ষার্থীরা স্পেশালাইজড স্কুলে ভর্তি হওয়ার যোগ্যতা নেই এবং এর ফলে স্পেশালাইজড স্কুল, বাছাইকৃত/নির্বাচিত স্কুল বা কর্মসূচি, গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড প্রোগ্রাম বা প্রি-কে প্রোগ্রামে ভর্তির আবেদন করতেও পারবে না। অনাবাসীরা হাই স্কুলে ভর্তি প্রক্রিয়ায়, মিডল স্কুলের ভর্তি প্রক্রিয়ায়, গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড ভর্তি প্রক্রিয়ায় কিংবা প্র-কে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে না। এর ব্যতিক্রম কিছু হলে তা শুধু অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট (ওএসই) এর বিবেচনাক্রমে হতে পারে, এবং তা শুধু সেসব ক্ষেত্রে করা হবে যখন কোন বাসিন্দা সেকশন IV-এ বর্ণনা অনুযায়ী স্কুল বছর চলারকালে সিটি থেকে অন্যত্র স্থানান্তরিত হন।

D. অনাবাসী ট্যুইশন পরিশোধকারী শিক্ষার্থীরা অফিস অব পিউপল ট্রান্সপোর্টেশন প্রদত্ত পরিবহন সুবিধা লাভের যোগ্য হবে না।

E. কোন এক শিক্ষার্থী নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে পড়ছে যে নিউ ইয়র্ক সিটির বাসিন্দা নয়, সেটা যদি কখনও কোন পিতামাতা স্কুলে জানাতে ব্যর্থ হন এবং এর ফলে ডিপার্টমেন্ট অব এডুকেশন স্থির করে যে সে আর নিউ ইয়র্ক সিটির বাসিন্দা নয়, তাহলে স্কুল বছরের বাকি সময়টুকু স্কুলটিতে অবস্থান করার অধিকার সে শিক্ষার্থী হারাবে এবং যে সেমেস্টারে সে সিদ্ধান্ত গ্রহণ করা হয়, সে সেমেস্টার সমাপ্তির সাথে সাথে তাকে বহিষ্কার করা হবে। শিক্ষার্থীটি অনাবাসী হিশেবে থাকার জন্য আবেদন করার যোগ্যতাও হারায়।

F. যদি ডিপার্টমেন্ট অভ এডুকেশন নিশ্চিত হয় যে একজন পিতামাতা আবাসনের প্রমাণ হিসেবে একটি ভূয়া ঠিকানা ব্যবহার করেছেন বা অনাবাসীত্বের কথা প্রকাশ করেননি, তাহলে শিক্ষার্থী যে সেমেস্টারে বিষয়টি স্থির করা হয়, শুধু সে সেমেস্টারের শেষ পর্যন্ত তার বর্তমান স্কুলে থাকার যোগ্য। স্কুল বছরের বাকি অংশের বা পরবর্তী স্কুল বছরের জন্য ভর্তির আবেদনের যোগ্যতা শিক্ষার্থীর থাকবে না। অনাবাসী শিক্ষার্থী হিসেবে সন্তান ভর্তি থাকা প্রতিটি স্কুল বছর বা তার অংশের জন্য পিতামাতাদেরকে অবশ্যই বকেয়া ট্যুইশন পরিশোধ করতে হবে। শুধু অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট ক্ষমাযোগ্য পরিস্থিতির জন্য ব্যতিক্রম হিসেবে গ্রহণ করতে পারে।

---

[1] অস্থায়ী বাসস্থানে এবং ফস্টার কেয়ারে থাকা শিক্ষার্থীগণ নিউ ইয়র্ক সিটিতে তাদের মূল স্কুলে পড়া অব্যাহত রাখতে পারবে, যদি তারা ফস্টার কেয়ারে যাওয়ার বা নিউ ইয়র্ক সিটির বাইরে স্থানান্তরিত হওয়ার সময় নিউ ইয়র্ক সিটির বাসিন্দা ও একটি ডিওই স্কুলে ভর্তি থেকে থাকে, তাহলে এ প্রবিধানটি তাদের প্রতি প্রযোজ্য হবে না।

[2] এই প্রবিধান সেসব অনাবাসী শিক্ষার্থীদের, যারা নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দা এবং কোন ডিস্ট্রিক্ট 75 স্কুলে, ফস্টার কেয়ার/এসিএস-এর তত্বাবধানে বা ডিস্ট্রিক্ট 79 আবাসিক কর্মসূচিতে আছে, এবং যারা কোন কোন চার্টার স্কুলে আছে, সেসব শিক্ষার্থীদের বেলায় প্রযোজ্য নয়।

[3] এই প্রবিধানে ব্যবহৃত প্যারেন্ট শব্দটি দ্বারা শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবক, কিংবা অন্য যে কোন ব্যক্তি, যার সাথে শিক্ষার্থীর পিতামাতাসূলভ বা তত্বাবধানমুলক সম্পর্ক রয়েছে এমন ব্যক্তিকে বোঝায়। পিতামাতার সংজ্ঞার অন্তর্ভুক্ত আছে: জন্মদাতা বা পালক পিতামাতা, সৎ-পিতামাতা, আইনি নিযুক্ত অভিভাবক, পালক পিতামাতা ও স্কুলে ভর্তি ছেলেমেয়ের সাথে "পিতামাতাসূলভ সম্পর্কে" আবদ্ধ ব্যক্তি। "পিতামাতার সম্পর্কে আবদ্ধ" ব্যক্তি বলতে বুঝায় এমন কোন ব্যক্তিকে, যে ব্যক্তি পিতামাতার মৃত্যু, কারাদণ্ড, মানসিক অসুস্থতা, স্টেটের বাইরে অবস্থান, সন্তানকে পরিত্যাগ বা এরকম অন্য কোন কারণে সন্তানের কাছে পিতামাতা বা অভিভাবক উপস্থিত না থাকায় তার দায়িত্ব গ্রহণ করেছেন।

G. ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কোন কর্মচারী অনাবাসী হয়ে নিউ ইয়র্ক সিটিতে যখন তার সন্তানকে নিউ ইয়র্ক সিটির কোন পাবলিক পাঠান এবং যথাযথ ট্যুইশন ফি দিতে ব্যর্থ হন, তখন তাকে উপযুক্ত প্রক্রিয়ার মুখোমুখী হতে হবে, যা হতে পারে স্পেশাল কমিশনার অভ ইনভেস্টিগেশন-এর কাছে সুপারিশ ও চাকুরিচ্যুতিসহ শৃঙ্খলাবিধানমূলক ব্যবস্থা গ্রহণ।

## II. অনাবাসী শিক্ষার্থীদেব জন্য আবেদনপ্রক্রিয়া

সন্তানদের নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলে ট্যুইশন পরিশোধকারী হিসেবে ভর্তি করতে আগ্রহী নিউ ইয়র্ক সিটিতে অনাবাসী পিতামাতাদেরকে (বাসিন্দার প্রমাণের শর্তাবলির জন্য চ্যান্সেলরের প্রবিধান A-101 দেখুন) অবশ্যই অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট (ওএসই) বরাবর একটি আবেদনপত্র জমা দিতে হবে। স্টুডেন্ট এনরোলমেন্ট- এর নিচের ওয়েবসাইটে আবেদনপত্র পাওয়া যেতে পারে http://schools.nyc.gov/ChoicesEnrollment/NewStudents/Non-Residents। আবেদনপত্র নতুন অনাবাসীদের ব্যবহারের জন্য নয় এবং তা প্রতি সামারে অনাবাসীদের ভর্তির আবেদনকালে পাওয়া যায়।

A. একমাত্র ওএসই-ই শুধু অনাবাসী শিক্ষার্থীদের আবেদনপত্র অনুমোদনের জন্য দায়বদ্ধ। ওএসই-এর অনুমোদনকৃত আবেদনপত্র ছাড়া স্কুলগুলো অনাবাসী শিক্ষার্থীদের তালিকাভুক্ত করতে পারবে না।

B. কোন অনাবাসী নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে ভর্তি হতে চাইলে তাকে অবশ্যই একটি আবেদনপত্র জমা দিতে হবে। ওএসই-এর স্থির করা অনাবাসীদের তালিকাভুক্তির আবেদনের সময় শুধু আবেদনপত্র বিবেচনা করা হবে।

C. তালিকাভুক্তির জন্য প্রথম অগ্রাধিকার দেওয়া হয় নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কর্মচারিদের ছেলেমেয়েদের, তারপর নিউ ইয়র্ক সিটির কর্মরিদের ছেলেমেয়েদের, এবং তারপর অন্যান্য শিক্ষার্থীদের।

D. ওএসই আনাবাসীদের ভর্তির অনুমোদন দেবে না, যদি না সকল আবাসী শিক্ষার্থীর স্থানসংকুলান সম্পন্ন হয়, স্কুল কখন শুরু হয়, সে বিবেচ্য নয়। তাই অনাবাসি শিক্ষার্থীরা অবশ্যই শিক্ষার্থীদের হোম ডিস্ট্রিক্টের নীতি অনুযায়ী অনাবাসী শিক্ষার্থীর জমা দেওয়া আবেদনপত্রের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হলে স্কুলে যাবে।

E. যদি কোন আবেদনকারী অনাবাসী শিক্ষার্থীর আবেদন গৃহীত হয়, তাহলে পরিবারকে ওএস ই জানিয়ে দেবে। ট্যুইশন পরিশোধ শুরু হয়েছে এবং আবাসী রেজিস্ট্রেশনের জন্য সকল প্রয়োজনীয় কাগজপত্র স্কুলে জমা দেওয়া হয়েছে, এই শর্তে শিক্ষার্থীকে অনুমোদিত স্কুলে তালিকাভুক্ত করা যেতে পারে। স্কুলকে অবশ্যই শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের সময় ATS-এ অনাবাসী ট্যুইশন পরিশোধকারী শিক্ষার্থীর ফ্ল্যাগ সক্রিয় করতে হবে।

F. কিন্ডারগার্টেন থেকে গ্রেড পর্যন্ত সাধারণ শিক্ষা ও বিশেষ শিক্ষার জন্য প্রতিবছরের ট্যুইশন হার নির্ধারণ করবে স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট। পূর্ণ ট্যুইশন অবশ্যই যে স্কুল বছরে পরিশোধযোগ্য হবে, সে স্কুল বছরেই পরিশোধ করতে হবে। পাওনা ট্যুইশন সম্পর্কে তথ্য পাওয়া যাবে ব্যুরো অভ নন-পাবলিক স্কুল পেয়েবলস্-এ (718) 935-4789 নম্বরে ফোন করে।

G. যেসব শিক্ষার্থী তাদের হোম ডিস্ট্রিক্টে স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণ করছে, তাদেরকে অবশ্যই তাদের ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)-এর একটি কপি তাদের আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

1. অনাবাসী শিক্ষার্থীদের যারা নিউ ইয়র্ক স্টেটে বাস করেন, তাদের ভর্তি করা হবে তাদের IEP, সুপারিশকৃত পরিষেবা নিউ ইয়র্ক সিটিতে আছে কি না পর্যালোচনার পর, এবং যদি আবাসী শিক্ষার্থীদের ভর্তি করার পর আসন শূন্য থাকলে।

2. অনাবাসী শিক্ষার্থীদের যারা নিউ ইয়র্ক স্টেটের বাইরে বাস করে, নিউ ইয়র্ক স্টেটের মানদণ্ডের ভিত্তিতে তাদের যোগ্যতা নির্ধারণের জন্য তাদের IEP পর্যালোচনার পর এবং যদি সেসব পরিষেবা নিউ ইয়র্ক সিটিতে পাওয়া যায়, এবং যদি আবাসী শিক্ষার্থীদের ভর্তি করার পর আসন শূন্য থাকে, তাহলে তাদের ভর্তি করা হবে।

## III. বর্তমান অনাবাসী শিক্ষার্থী

A. বর্তমান অনাবাসী শিক্ষার্থীদের যারা অতীতে নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলে ভর্তির জন্য অনুমোদন লাভ করেছিল এবং ট্যুইশন পরিশোধ করছে, তারা পুনরায় আবেদন করা ছাড়াই স্কুলের চূড়ান্ত গ্রেড সমাপ্ত হওয়া পর্যন্ত অবস্থান করতে পারবে। এসব শিক্ষার্থী হাই স্কুলের ভর্তি প্রক্রিয়া বা মিডল স্কুলের ভর্তি প্রক্রিয়াসহ অন্য কোন ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য অনুমোদিত হবে না।

B. বর্তমান অনাবাসী শিক্ষার্থীদের যাদের জন্য স্পেশাল এডুকেশন সার্ভিস মূল্যায়ন করা হয়েছে ও আবশ্যক বলে নির্ধারণ করা হয়েছে, তারা প্রযুক্ত আইনের সাথে সামঞ্জস্য রেখে সেসব সার্ভিস লাভের জন্য যোগ্য হবে। সার্ভিস একবার শুরু হলে, টুইশনের হার প্রযুক্ত স্পেশাল এডুকেশন টুইশন প্রতিফলনের জন্য পরিবর্তিত হবে।

C. অনাবাসী শিক্ষার্থীরা স্কুল বছর চলাকালে OSE-এর বিবেচনায় জরুরি পরিস্থিতি ছাড়া স্কুল পরিবর্তন করতে পারবে না। স্কুলে অন্য কোন পরিবর্তন চাইলে আবদনের নির্দিষ্ট সময়ে অবশ্যই একটি নতুন আবেদনপত্র জমা দিতে হবে।

## IV. আবাসীদের যারা স্কুল বছর চলাকালে সিটির বাইরে অন্যত্র স্থানান্তরিত হয়

A. যদি একজন আবাসী শিক্ষার্থী স্কুল বছর চলকালে ঠিকানা পরিবর্তন করে এবং নিউ ইয়র্ক সিটির বাইরে স্থানান্তরিত হয়, তাহলে পিতামাতা/অভিভাবককে অবশ্যই বর্তমান স্কুলকে তা জানাতে হবে এবং ঠিকানা পরিবর্তনের পাঁচ স্কুল দিবসের মধ্যে নতুন ঠিকানার প্রমান জমা দিতে হবে। স্কুলকে অবই ঠিকানা হালনাগাদ ও অনাবাসী ফ্ল্যাগ ATS-এ চালু করতে হবে। টুইশন পরিশোধ ছাড়া শিক্ষার্থী সেমেস্টার সমাপ্ত না হওয়া অবধি সে স্কুলে যাওয়া অব্যাহত রাখার যোগ্য থাকবে। যদি শিক্ষার্থী প্রথম সেমেস্টারে (সেপ্টেম্বর থেকে জানুয়ারি পর্যন্ত) নিউ ইয়র্ক সিটির বাইরে স্থানান্তরিত হয়, তাহলে দ্বিতীয় সেমেস্টারের (ফেব্রুয়ারি থেকে জুন পর্যন্ত) জন্য টুইশন পরিশোধ আবশ্যক হবে। সেমেস্টারের সময়রেখা স্থির করে হাই স্কুল সেমেস্টার সময়সূচি, গ্রেড পর্যায়ের বিবেচনা ছাড়াই। টুইশন পরিশোধের জন্য পিতামাতা/অভিভাবককে অবশ্যই ব্যুরো অভ ফাইন্যান্স, অফিস অভ নন-পাবলিক স্কুল পেয়েবলস্-এর সাথে (718) 935-4789 নম্বরে যোগাযোগ করতে হবে।

B. যেসব আবাসী শিক্ষার্থী গিফটিড অ্যান্ড ট্যালেন্টেড, প্রি-কে প্রোগ্রাম, কিংবা স্পেশালাইজড বা বাছাইকৃত/নির্বাচিত স্কুলে যাচ্ছে এবং যারা স্কুল বছর চলাকালে নিউ ইয়র্ক সিটির বাইরে স্থানান্তরিত হয়েছে, তাদেরকে অবশ্যই তাদের ঠিকানা পরিবর্তন সম্পর্কে বর্তমান স্কুলকে জানাতে হবে। এ ধরনের শিক্ষার্থীরা প্রথম সেমেস্টারে স্থানান্তরিত হয়ে থাকলে দ্বিতীয় সেমেস্টারে টুইশন পরিশোধের শর্ত সাপেক্ষে তাদের বর্তমান স্কুলে বা প্রোগ্রামে স্কুল বছরের বাকি সময় থাকার যোগ্য। স্কুল বছরের সমাপ্তিতে এ ধরনের শিক্ষার্থীর আর বর্তমান স্কুল বা প্রোগ্রামে থাকার যোগ্য থাকবে না এবং পরবর্তী স্কুল বছরের জন্য এমন স্কুল বা প্রোগ্রামে অনাবাসী শিক্ষার্থী হিসেবে ভর্তির আবেদনপত্র জমা দিতে পারবে না। এর সকল ব্যতিক্রমী কোন কিছু হলে তার দায়দায়িত্ব অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট-এর বিবেচনাধীন।

## V. সামার স্কুল

আবাসী শিক্ষার্থীদের স্থান দেওয়ার পর যদি আসন খালি থাকে, তাহলে সামার স্কুল প্রোগ্রামে অনাবাসী শিক্ষার্থীদের তালিকাভুক্ত হতে পারে। অবশ্যই স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট-এর ধার্য্য করা হারে টুইশন পরিশোধ করতে হবে।

## VI. অনাবাসী তালিকাভুক্তির পরিসমাপ্তি

A. নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলে অনাবাসী শিক্ষার্থীর ভর্তি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের বিবেচনার উপর নির্ভর করে। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন সময়মতো টুইশন পরিশোধে ব্যর্থ হওয়ার কারণে অনাবাসী শিক্ষার্থীর অব্যাহত তালিকাভুক্ত থাকার অধিকার প্রত্যাহার করার অধিকার সংরক্ষণ করে।

B. সময়মতো টুইশন পরিশোধে ব্যর্থতার কারণে কোন শিক্ষার্থীকে বহিষ্কারের পূর্বে শিক্ষার্থীর পিতামাতাকে অবশ্যই:

1. শিক্ষার্থীকে স্কুল থেকে বহিষ্কারের সিদ্ধান্তের কথা জানাতে হবে;

2. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির সাথে বৈঠকে মিলিত হয়ে আলোচনার সুযোগ দিতে হবে যাতে বহিষ্কারের কারণ সম্পর্কে কথা বলা যায়; এবং

3. বৈঠকের পরে শিক্ষার্থীকে বহিষ্কার করা হচ্ছে কি না, তা জানিয়ে পিতামাতাদেরকে লিখিত বিজ্ঞপ্তি দিতে হবে।

## VII. অনুসন্ধান

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

| ফোন: | *অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট*<br>নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন<br>52 Chambers Street – Room 415<br>New York, NY 10007 | Fax: |
|---|---|---|
| 718-935-2142 | | --- |

ট্যুইশন সম্পর্কিত প্রশ্ন নিচের ঠিকানায় পাঠানো যাবে:

| ফোন: | *Office of Non-Public School Payables*<br>*Re: Non-Resident Tuition*<br>NYC Department of Education<br>65 Court Street<br>Brooklyn, NY 11201 | Fax: |
|---|---|---|
| 718-935-4789 | | --- |